



## পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র

বাড়ী নং -৫৪৮, রোড নং-১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা-১২০৭।

ফোনঃ ০২-৯১২৮৮২৪, ৫৮১৫১১২৬, ০১৭৭৭৯১১২২; ফ্যাক্স: ৯১৩৭৩৬১; ই-মেইলঃ info@padakhep.org, pmuk@padakhep.org; web: www.padakhep.org

স্মারক নংঃ পদ/পক/এমএফপি/২০১৭-২৮২৬

তারিখঃ ১৫ নভেম্বর, ২০১৭ খৃষ্টাব্দ

### অফিস স্মারক

#### বিষয় : অফিসের জ্বালানী/গ্যাস বিল অনুমোদন প্রসঙ্গে।

ক. আপনারা অবগত আছেন যে, বর্তমানে প্রচলিত নিয়মানুযায়ী মাইক্রোফাইন্যান্স কর্মসূচির আওতাধীন প্রত্যেকটি ব্রাঞ্চ, সাব-ব্রাঞ্চ ও জোন অফিস সমূহে জ্বালানী/গ্যাস বিল বাবদ ৬৫০/- টাকা খরচ করার অনুমোদন রয়েছে (স্মারক নং: পদ/পক/এমএফপি/২০১৬-৩৬৮; তারিখ: ০৪ ফেব্রুয়ারী, ২০১৬)। কিন্তু যেসকল ব্রাঞ্চ, সাব-ব্রাঞ্চ ও জোন অফিস সমূহে তিতাস/সরকারীভাবে প্রবাহিত গ্যাস সুবিধা রয়েছে তাদের জ্বালানী খরচ সরকারীভাবে গ্যাসের দাম বাড়ানোর ফলে ইতিমধ্যে ৮০০/- টাকা খরচ করার সুযোগ পেয়েছেন, কারণ সরকারী কোষাগারে গ্যাস বিল বাবদ ৮০০/- টাকা জমা করা বাধ্যতামূলক। পক্ষান্তরে যেসকল ব্রাঞ্চ, সাব-ব্রাঞ্চ ও জোন অফিস সমূহে তিতাস/সরকারীভাবে প্রবাহিত গ্যাস সুবিধা নেই তারা পূর্বের ন্যায় ৬৫০/- টাকা জ্বালানী বাবদ খরচ করছেন।

খ. বর্ণিত প্রেক্ষিতে মাইক্রোফাইন্যান্স কর্মসূচির আওতাধীন ব্রাঞ্চ, সাব-ব্রাঞ্চ ও জোন অফিস সমূহে কর্মরত সকল কর্মী/কর্মকর্তার সুবিধার্থে ০১ নভেম্বর, ২০১৭ তারিখ থেকে প্রত্যেকটি ব্রাঞ্চ, সাব-ব্রাঞ্চ ও জোন অফিস সমূহ (যেখানে পৃথক মেচ রয়েছে) একই হারে জ্বালানী/গ্যাস বিল এর খরচ বাবদ মাসিক সর্বোচ্চ ৮০০/- টাকা ব্যয় করার অনুমোদন দেয়া হলো। এক্ষেত্রে যেসকল ব্রাঞ্চ, সাব-ব্রাঞ্চ ও জোন অফিস সমূহে এখাতে ২০১৭-২০১৮ অর্থবছরের পূর্বানুমোদিত বাজেট এর অতিরিক্ত খরচ হবে সেসকল ব্রাঞ্চ, সাব-ব্রাঞ্চ ও জোন অফিস সমূহে উক্ত বাজেট অতিরিক্ত খরচ পৃথকভাবে অনুমোদন নেয়ার প্রয়োজন হবে না।

গ. উল্লেখ্য যে, মাইক্রোফাইন্যান্স কর্মসূচির আওতাধীন ব্রাঞ্চ, সাব-ব্রাঞ্চ ও জোন অফিস সমূহের জ্বালানী/গ্যাস বিল এর খরচ সম্পাদনের ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক সময়ে সময়ে গ্যাস বিল এর পরিবর্তিত হার অনুযায়ী জ্বালানী/গ্যাস বিল এর মাসিক খরচ সম্পাদন করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।

ঘ. জোনাল ম্যানেজারের তত্ত্বাবধানে অত্র চিঠির কপি সংশ্লিষ্ট এরিয়া অফিসে প্রেরণ এবং এরিয়া ম্যানেজার কর্তৃক এরিয়ার আওতাভুক্ত সকল ব্রাঞ্চ ও প্রেরণ ও বাস্তবায়ন নিশ্চিত করার জন্য বলা হলো।

ধন্যবাদান্তে,

ইকবাল আহাম্মদ  
নির্বাহী পরিচালক

অনুলিপি : অবগতি ও কার্যার্থে (ই-মেইলে প্রেরণ করা হলো)

১. পরিচালক (মাইক্রোফাইন্যান্স), প্রধান কার্যালয়, পদক্ষেপ।
২. উপ-পরিচালক, প্রধান কার্যালয়, পদক্ষেপ।
৩. ব্যবস্থাপক (সকল), প্রধান কার্যালয়, পদক্ষেপ।
৪. উপ-ব্যবস্থাপক (সকল), প্রধান কার্যালয়, পদক্ষেপ।
৫. সহকারী ব্যবস্থাপক (সকল), প্রধান কার্যালয়, পদক্ষেপ।
৬. মাইক্রোফাইন্যান্সভূক্ত সকল কর্মকর্তা, প্রধান কার্যালয়, পদক্ষেপ।
৭. আইসিটি বিভাগ, প্রধান কার্যালয়, পদক্ষেপ। (সংস্থার ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
৮. জোনাল ম্যানেজার (সকল), মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম, পদক্ষেপ।
৯. এরিয়া ম্যানেজার (সকল), মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম, পদক্ষেপ।
১০. ব্রাঞ্চ ম্যানেজার (সকল), মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম, পদক্ষেপ।
১১. অফিস কপি।